

## 💵 তাওহীদ ও তার প্রমাণাদি

বিভাগ/অধ্যায়ঃ আকীদার ব্যাপারে ৫০টি প্রশ্নোত্তর রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ,কম

প্রশ্ন-১১: তাঁর মু'জেযাগুলো কি কি?

উত্তর: এ কুরআন; যা সকল সৃষ্টি অপারগ হয়েছে এর সূরার মত একটি সূরা নিয়ে আসতে, তারা তাঁর এবং তাঁর অনুসারীদের কঠোর বিরোধী হওয়ার পরও তা নিয়ে আসতে সক্ষম হয়নি অথচ তারা স্পষ্টভাষী এবং ভাষার প্রতি অধিক পারদর্শী ছিল।

এর প্রমাণ হল আল্লাহ তা'আলার বাণী:

﴿ وَإِن كُنتُم ۚ فِي رَيَابٍ مِّمَّا نَزَّلَانَا عَلَىٰ عَبَادِنَا فَأَاتُواْ بِسُورَةٖ مِّن مِّتَالِهِ ۚ وَٱداَعُواْ شُهَدَآءَكُم مِّن دُونِ ٱللَّهِ إِن كُنتُم ۚ صِنْدِقِينَ ٢٣ ﴾ [البقرة: ٢٣]

অর্থাৎ: আমি আমার বান্দার প্রতি যা অবতীর্ণ করেছি; যদি তোমরা তাতে সন্দিহান হও তাহলে তৎসদৃস একটি সূরা আনয়ন কর এবং আল্লাহ ব্যতীত তোমাদের সাহায্যকারীদেরকে ডেকে নাও যদি তোমরা সত্যবাদী হয়ে থাক। [সূরা বাকারা: ২৩]

অন্যত্র তিনি বলেন:

﴿ قُل لَّئِنِ ٱجاتَمَعَتِ ٱلنَّإِنسُ وَٱلنَّجِنُّ عَلَىٰٓ أَن يَأْاَتُواْ بِمِثَالِ هَٰذَا ٱلنَّقُرا َءَانِ لَا يَأْاَتُونَ بِمِثَالِهِ ۚ وَلَوا كَانَ بَعاضَهُم اللَّهُ لَا يَأْاَتُونَ بِمِثَالِهِ وَلَوا كَانَ بَعاضَهُم اللَّهِ لِلَّهُ عَلَىٰ اللهُ ﴾ [الاسراء: ٨٨]

অর্থাৎ, বলুন: যদি এ কুরআনের মত একটি কুরআন আনয়নের জন্য মানুষ ও জ্বিন একত্রিত হয় তবুও তারা এর অনুরূপ কুরআন আনয়ন করতে পারবে না যদিও তারা একে অপরকে সহযোগিতা করে। [সূরা ইসরা ৮৮]

Source — https://www.hadithbd.com/books/link/?id=3620

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন